



ঢাকা বিশ্ববিদ্যালয়

২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে আন্ডারগ্রাজুয়েট প্রোগ্রামে ভর্তি বিজ্ঞপ্তি

২০১৯ সন থেকে ২০২২ সন পর্যন্ত মাধ্যমিক বা সমমান এবং ২০২৪ সনের উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের মধ্যে যারা ঢাকা বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন ইউনিটে ভর্তির জন্য নির্ধারিত শর্ত পূরণ করে কেবল তারাই ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে আন্ডারগ্রাজুয়েট প্রোগ্রামে ভর্তির জন্য আবেদন করতে পারবে।

ভর্তি প্রার্থীরা ০৪/১১/২০২৪ তারিখ দুপুর ১২:০০টা থেকে ২৫/১১/২০২৪ তারিখ রাত ১১:৫৯ মি: পর্যন্ত Dhaka University Admission Website (<https://admission.eis.du.ac.bd>)- এর মাধ্যমে অনলাইনে আবেদন করতে পারবে। আবেদন ফি ১০৫০/- (এক হাজার পঞ্চাশ) টাকা এবং আইবিএ ইউনিটের আবেদন ফি ১৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা। চারটি রাষ্ট্রায়ত্ত্ব বাণিজ্যিক ব্যাংকের (সোনালী, জনতা, অগ্রণী, রূপালী) যে কোন শাখায় অথবা অনলাইনে ডেবিট/ক্রেডিট কার্ড, মোবাইল ফিন্যান্সিয়াল সেবা ব্যবহার করে শিক্ষার্থীরা আবেদন ফি জমা দিবে।

শিক্ষার্থীরা নিম্নোক্ত ০৫ (পাঁচ) টি ইউনিটে আবেদন করতে পারবে। আবেদনের যোগ্যতাসহ ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য ওয়েবসাইটে প্রদত্ত সংশ্লিষ্ট ইউনিটের ভর্তি নির্দেশিকায় উল্লেখ থাকবে।

বিজ্ঞান ইউনিট	বিজ্ঞান অনুষদ, জীববিজ্ঞান অনুষদ, ফার্মেসী অনুষদ, আর্থ এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস অনুষদ, ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজী অনুষদভুক্ত সকল বিভাগ এবং সংশ্লিষ্ট ইনস্টিটিউটে ভর্তির জন্য।
কলা, আইন ও সামাজিক বিজ্ঞান ইউনিট	কলা অনুষদ, আইন অনুষদ, সামাজিক বিজ্ঞান অনুষদভুক্ত সকল বিভাগ এবং সংশ্লিষ্ট ইনস্টিটিউটে ভর্তির জন্য।
ব্যবসায় শিক্ষা ইউনিট	বিজনেস স্টাডিজ অনুষদভুক্ত সকল বিভাগে ভর্তির জন্য।
চারুকলা ইউনিট	চারুকলা অনুষদভুক্ত সকল বিভাগে ভর্তির জন্য।
আইবিএ ইউনিট	আইবিএ ইনস্টিটিউটে ভর্তির জন্য।

২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ভর্তি পরীক্ষার তারিখ ও সময়সূচি নিম্নরূপ:

ইউনিট	পরীক্ষার তারিখ	বার	সময়সূচি
কলা, আইন ও সামাজিক বিজ্ঞান ইউনিট	২৫/০১/২০২৫	শনিবার	সকাল ১১:০০টা থেকে ১২:৩০ মিনিট পর্যন্ত
বিজ্ঞান ইউনিট	০১/০২/২০২৫	শনিবার	সকাল ১১:০০টা থেকে ১২:৩০ মিনিট পর্যন্ত
ব্যবসায় শিক্ষা ইউনিট	০৮/০২/২০২৫	শনিবার	সকাল ১১:০০টা থেকে ১২:৩০ মিনিট পর্যন্ত
চারুকলা ইউনিট (সাধারণ জ্ঞান ও অঙ্কন)	০৪/০১/২০২৫	শনিবার	সকাল ১১:০০টা থেকে ১২:৩০ মিনিট পর্যন্ত
আইবিএ ইউনিট	০৩/০১/২০২৫	শুক্রবার	সকাল ১০:০০টা থেকে ১২:০০ মিনিট পর্যন্ত

চারুকলা ইউনিট এর ভর্তি পরীক্ষা (সাধারণ জ্ঞান ও অঙ্কন) একই দিনে অনুষ্ঠিত হবে বিধায় এই ইউনিটের এবং আইবিএ ইউনিটের ভর্তি পরীক্ষা শুধুমাত্র ঢাকা কেন্দ্রে অনুষ্ঠিত হবে।

কোটায় ভর্তি, সমতা নিরূপণ ও ভর্তি সংক্রান্ত অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি <https://admission.eis.du.ac.bd> ওয়েবসাইটে দেখার জন্য পরামর্শ দেয়া হলো। উল্লেখ্য জাতীয় পর্যায়ের খেলোয়াড় কোটায় ভর্তি বিজ্ঞপ্তি পৃথকভাবে পত্রিকায় প্রকাশ করা হবে।

প্রশাসনিক ভবন
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা-১০০০
তারিখ:/২০২৪

মুনসী শামস উদ্দিন আহম্মদ
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
ঢাকা বিশ্ববিদ্যালয়